দৈনিক সংবাদ



তারিখ ... AUG 2 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

# বেসরকারি কলেজে বেতন বিভাজন না করার দাবি

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সভায় শিক্ষা জাতীয়করণ করে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্যকর অবস্থার অবসানে সরকারি পদক্ষেপের দাবি জানিয়েছে।

শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি টিচার্স লাউঞ্জে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক ডঃ ম আখতারুজ্জামান।

সভায় আরও দাবি জানানো হয়, সরকারি কলেজের মতো বেসরকারি শিক্ষক-কর্মচারীদের কোন বেতন বিভাজন ছাড়াই ৮০ ভাগ থেকে ১শ' ভাগে উন্নীত করা। নীতিমালার নামে কাউকে বঞ্চিত না করা, 'জনবল' কাঠামো বাতিল করা, কল্যাণ ট্রাস্টের কার্যক্রম চালু করা ইত্যাদি।